# শ্যামনগর উপজেলা পরিষদের জুলাই'২০২০ মাসের মাসিক সভার কার্যবিবরণী

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

সভার সভাপতি ঃ জনাব এস.এম.আতাউল হক চেয়ারম্যান
উপজেলা পরিষদ,শ্যামনগর, সাতক্ষীরা।

তারিখ ও সময় ঃ ৩০.০৭.২০২০ খ্রিঃ, সকাল- ১১.০০ টা।

স্থান ঃ Zoom Clouding meeting

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা-পরিশিষ্ট-''ক'' দ্রষ্টব্যঃ**

| ক্রঃ নং | আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | গত সভার কার্যবিবরণী দৃঢ়করন | সভার শুরুতে সভাপতি Zoom Clouding meeting এ অংশগ্রহনকৃত অদ্য মাসিক সভার সকল সদস্যকে শুভেচ্ছা জানান। তিনি বলেন যে, বর্তমান সময়ে মহামারি করোনা ভাইরাসের জন্য উপজেলা পরিষদের মাসিক সভা Zoom Clouding meeting এর মাধ্যমে আহবান করা হয়েছে। Zoom Clouding meeting এ সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসারকে বিশেষ ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে মুজিববর্ষের শুভেচ্ছা জানিয়ে গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং উহা অনুমোদনের জন্য সভায় মতামত আহবান করেন। | সকল আলোচনা ও সিদ্ধান্ত মোতাবেক কার্য বিবরণী প্রস্তুত হওয়ায় Zoom Clouding meeting এ অংশগ্রহনকৃত সকল সদস্য গত সভার কার্যবিবরনী সর্বসম্মতভাবে দৃঢ়করন হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২. | মাননীয় উপদেষ্টার উপদেশ পর্যালোচনা | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, সরকারী পরিপত্র এবং বিধি অনুসরন করে উপজেলা পরিষদের যাবতীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় নির্দেশনা প্রদান করেছেন। | মাননীয় সংসদ সদস্য মহোদয়ের উপদেশ সকল দপ্তরকে যথাযথভাবে পালনের জন্য সকল দপ্তর প্রধানকে অনুরোধ করা হয়। | সংশিষ্ট দপ্তর প্রধান। |
| ৩. | আয়, ব্যয় (রাজস্ব-উন্নয়ন) | ১। উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবনের সামনে নবনির্মিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মূর‌্যালের সামনে নীচু হওয়ায় পানি জমে জলাবদ্ধতার সৃষ্টি হচ্ছে। উল্লেখিত স্থানটি ভরাটের জন্য সভায় মতামত প্রদান করেন। তিনি আরও বলেন যে, স্থানটি ভরাটের জন্য উপজেলা প্রকৌশলীকে প্রাক্কলন করতে বলা হয়। উপজেলা প্রকৌশলী পাশ্ববর্তী পুকুর থেকে বালি ভরাট করার জন্য প্রস্তাব দেন এবং ৭৫,২২৭/- টাকার প্রাক্কলন সভায় উপস্থাপন করেন। এবিষয়ে সিদ্ধান্ত গ্রহনের জন্য উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন করেন।<br>**সিদ্ধান্ত** : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবনের সামনে নবনির্মিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মূর‌্যালের সামনে পাশ্ববর্তী পুকুর থেকে বালি উত্তোলন করে ভরাটের জন্য সিদ্ধান্ত গৃহিত হয় এবং প্রাক্কলন অনুমোদন পূর্বক উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৭৫,২২৭/- টাকা ব্যয় করার জন্য সর্ব্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>**বাস্তবায়নে** : উপজেলা প্রকৌশলী, শ্যামনগর, সাতক্ষীরা।<br>২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর সভায় বলেন যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে মডেল মসজিদ এবং ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নির্মিত হওয়ার লক্ষ্যে ইতোমধ্যে উপজেলা পরিষদের বিদ্যমান জামে মসজিদটি নিলামের মাধ্যমে বিক্রয় করা হয়েছে। মসজিদ নিলামের ৪,২৫,০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে জমা প্রদান করা হয়েছে। বর্তমানে উপজেলা পরিষদের অভ্যন্তরে অস্থায়ী একটি জামে মসজিদ নির্মান করা হয়েছে। যেহেতু মসজিদটি টিনের ছাউনি এজন্য ভীষন গরম অনুভূত হয়। এমতাবস্থায় অস্থায়ী জামে মসজিদে সিলিং এবং সামনে দরজা এবং জানালা থাই (গ্লাস) করার জন্য মসজিদের পক্ষ হতে প্রস্তাবনা এসেছে। এবিষয়ে সিদ্ধান্ত গ্রহনের জন্য সকলের দৃষ্টি আর্কষন করেন।<br>সিদ্ধান্ত : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে যেহেতু মসজিদ নিলামের টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে জমা প্রদান করা হয়েছে। এজন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে অস্থায়ী জামে মসজিদের সিলিং এবং সামনে দরজা এবং জানালা থাই (গ্লাস) করার জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। উপজেলা প্রকৌশলীকে প্রাক্কলন প্রস্তুত পূর্বক এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়।<br>২। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নিম্নবর্নিত ব্যয় সম্পন্ন করার জন্য অনুমোদন প্রয়োজন। এ বিষয়ে মতামত প্রদানের জন্য সকলের দৃষ্টি আর্কষন করেন।<br>১) উপজেলা পরিষদের অভ্যন্তরে রোড লাইনে তার ক্রয় এবং বাল্ব লাগানো বাবদ- ৪,২১০/- টাকা।<br>২) উপজেলা ভাইস চেয়ারম্যানের অফিসে বাথরুমে দরজা মেরামত এবং ল্যাট্রিন পরিস্কার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের লাট্রিন পরিস্কার বাবদ-২৮৫০/- টাকা।<br>**সিদ্ধান্ত** : উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বর্নিত ব্যয় সমূহের বিল প্রদানের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো। | | উপজেলা নির্বাহী অফিসার |
| ৪. | উপজেলা পরিষদের উপকূলীয় এলাকা পরিদর্শনের জন্য নৌযান | চেয়ারম্যান,উপজেলা পরিষদ সভায় জানান যে, শ্যামনগর উপজেলা একটি উপকূলীয় উপজেলা। এ উপজেলার ৯টি ইউনিয়ন নদী বেষ্টিত ইউনিয়ন। পদ্মপুকুর এবং গাবুরা ২টি ইউনিয়ন সম্পন্ন দ্বীপ ইউনিয়ন। প্রাকৃতিক দূর্যোগের সময় জরুরী ত্রান বিতরনে এবং সরকারী সকল উন্নয়নমূলক কাজ পরিদর্শনে যাতায়াতের সমস্যার সম্মুখিন হতে হয়। উপজেলা পরিষদের নিজস্ব কোন নৌ-যান (স্পীড বোর্ড) না থাকায় উন্নয়নমূলক কাজ পরিদর্শনসহ বিভিন্ন জরুরী মূহুর্তে চলাচলে সমস্যার সম্মুখিন হতে হয়। এমতাবস্থায় শ্যামনগর উপজেলা পরিষদের জন্য গুরুত্ব বিবেচনায় জরুরী ভিত্তিতে একটি নৌ-যান (স্পীড বোর্ড) প্রয়োজন। এবিষয়ে সিদ্ধান্ত গ্রহনের জন্য উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন এবং মতামত প্রদানের জন্য অনুরোধ করেন। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | ক্রয় সংক্রান্ত। | **সিদ্ধান্ত :** সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে শ্যামনগর উপজেলার উপকূলীয় ইউনিয়ন সমূহ পরিদর্শন এবং জরুরী মূহুর্তে চলাচলের জন্য একটি নৌ-যান (স্পীড বোর্ড) প্রয়েজনীয়তার বিষয়ে সবাই একমত পোষন করেন। স্থানীয় সরকার বিভাগের বরাদ্দ হতে একটি নৌ-যান (স্পীড বোর্ড) ক্রয়ের প্রস্তাব প্রেরণের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>**বাস্তবায়নে:** জেলা প্রশাসক,সাতক্ষীরা মহোদয়ের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসারকে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়। | | |
| ৫. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পে ৪র্থ পর্যায়ে শ্যামনগর উপজেলা পুনরায় নির্বাচিত হয়েছে। বর্তমান করোনা পরিস্থিতির কারনে অবকাঠামো উন্নয়ন প্রকল্প প্রস্তাবনা প্রথমে প্রেরন করতে হবে। পরবর্তীতে সক্ষমতাবৃদ্ধিমূলক উপ-প্রকল্প বাস্তবায়ন করা হবে। | সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিচালন এবং উন্নয়ন প্রকল্পের নির্দেশনা মোতাবেক কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৬. | উপজেলা পরিষদের বাসাবাড়ীর, বিভিন্ন অফিসের ভাড়া আদায় এবং রাজস্ব তহবিলে জমা প্রদান সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, গত মাসিক সভায় সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদের সকল গেজেটেডে বাসাবাড়ি এবং নন-গেজেটেড বাসাবাড়িতে বসাবাসকৃত সকল কর্মকর্তা এবং কর্মচারীকে বাসাভাড়ায় সমুদয় টাকা ভাড়া বাবদ কর্তনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। উপজেলা পরিষদের সকল বাসাবাড়ি বসবাসের জন্য আধুনিকায়ন করা হবে। উপজেলা প্রকৌশলীকে বাসাবাড়ী পরিদর্শন পূর্বক একটি প্রতিবেদন প্রদানের জন্য অনুরোধ করেন।<br>**সিদ্ধান্ত :** সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদের বাসাবাড়ির বর্তমান বাস্তব অবস্থা সম্পর্কে একটি প্রতিবেদ প্রদানের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | | উপজেলা প্রকৌশলী |
| ৭. | একটি বাড়ী একটি খামার | সমন্বয়কারী, একটি বাড়ী একটি খামার বলেন যে, শ্যামনগর উপজেলায় একটি বাড়ী একটি খামারে মোট সমিতির সংখ্যা ২০০টি, সদস্য ৯৮৬১ জন। মোট সঞ্চয় ৩২,৬৫৮,৬৩৩/- টাকা, মোট ঋন প্রদান ৯৯,২৪৬,০০০/- টাকা, আদায় ৩৮,১২৬,৭৮০/- টাকা। সমিতির কার্যক্রম সুষ্ঠভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | ঋন আদায়ে তৎপর হতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৮. | নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, নিয়মিত উপজেলার বিভিন্ন মোকামে ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হচ্ছে। সংশ্লিষ্ট বাজার কমিটির সভাপতি, সেক্রেটারীকে নিয়মিত বাজার পরিদর্শনের জন্য অনুরোধ করা হয়। | ভ্রাম্যমান আদালত নিয়মিত পরিচালনা এবং বাজার কমিটির সভাপতি এবং সেক্রেটারীকে নিয়মিত বাজার পরিদর্শন এবং বাজার তদারকী করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৯. | উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কাজের আলোচনা | **উপজেলা প্রকৌশলীর দপ্তর ঃ** উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাষ্টার প্লানে প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় শ্যামনগর বাসস্ট্যান্ডে পুরুষ এবং মহিলাদের জন্য টয়লেট (প্রাক্কলিত মূল্য ১৭,৮৬,২৭৯ টাকা) নির্মানের স্থান সড়ক এবং জনপদ বিভাগের হওয়ায় এবং সড়ক এবং জনপদ বিভাগ হতে জায়গা না দেওয়ার কারনে বংশীপুর বাসস্ট্যান্ডে নির্মানের জন্য প্রস্তাবনা পেশ করেন। | জনগুরুত্বপূর্ন বিবেচনা করে উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাষ্টার প্লানে প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় শ্যামনগর বাসস্ট্যান্ডে পুরুষ এবং মহিলাদের জন্য টয়লেট (প্রাক্কলিত মূল্য ১৭,৮৬,২৭৯ টাকা) নির্মানের স্থান বংশীপুর বাসস্ট্যান্ডে স্থানান্তর করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা কৃষি অফিস ঃ** উপজেলা কৃষি অফিসার সভায় বলেন যে, ঘূর্নিঝড় বুলবুলে শ্যামনগর উপজেলায় প্রচুর গাছপালার ক্ষয়ক্ষতি হয়েছে। যে গাছগুলি ক্ষতিগ্রস্থ হয়েছে বিধি মোতাবেক কর্তনের জন্য সভায় মতামত প্রদান করেন। | উপজেলা সামাজিক বন বিভাগের কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা মৎস্য অফিস ঃ** সিনিয়র উপজেলা মৎস্য অফিসার বলেন ইতোমধ্যে শ্যামনগর উপজেলায় সকল ইউনিয়নে জেলে কার্ডধারীদের জন্য চাউল বিতরণ কার্যক্রম চলমান আছে। | চাউল বিতরনের সামাজিক দুরুত্ব বজায় রাখার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, করোনা ভাইরাস মহামারি আকার ধারন করেছে। শ্যামনগর উপজেলায় অদ্যবধি ৩৯৬টি নমুনার মধ্যে ৬২ জন পজেটিভ, ১৮ জন আইসোলিশন এবং ১জন মারা গেছেন। | করোনা ভাইরাস সম্পর্কে সকলকে সচেতনতা করতে এবং বাধ্যতামূলক মাস্ক ব্যবহারের সচেতনতা বৃদ্ধি করতে ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা পরিবার পরিকল্পনা অফিস :** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, উপজেলার বিভিন্ন ইউনিয়নে ইউনিয়ন পরিবার পরিকল্পনা ভবন নির্মান করা হচ্ছে। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে কাজের গুনগতমান তদারকি করার জন্য অনুরোধ করেন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা প্রাণীসম্পদ অফিস ঃ** উপজেলা প্রাণীসম্পদ অফিসার বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, প্রতিটি বিদ্যালয়ে মুজিব কর্ণার স্থাপনের জন্য ইতোমধ্যে উপজেলার সকল প্রধান শিক্ষকদের অবহিত করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | **উপজেলা সমাজসেবা অফিস ঃ** উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, বর্তমান সরকার মুজিববর্ষে শ্যামনগর উপজেলাকে শতভাগ বয়স্ক, বিধবা এবং প্রতিবন্ধী ভাতাভোগীর আওতায় আনার ঘোষনা প্রদান করেছেন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ শ্যামনগর উপজেলাকে শতভাগ ভাতাভোগীর আওতায় আনার জন্য সরকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। | প্রকৃত ভাতাভোগী যাচাই বাছাই পূর্বক ভাতার আওতায় আনার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন যে,<br>১। জাতীয় শোক দিবস/২০২০ কে অর্থবহ করার লক্ষ্যে কর্মপ্রত্যাশী যুবদের ঋণ বিতরনের উদ্যেগ গ্রহন করা হয়েছে । স্থানীয় প্রশাসন কর্তৃক গৃহীত শোক দিবসের কর্মসূচীতে যুবঋণ বিতরণ কর্মসূচী অন্তভূক্ত করার জন্য অনুরোধ করছি।<br>২। ২০২০-২১ অর্থবছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী ট্রেনিং কার্যক্রম বিদ্যমান পরিস্থিতিতে সামাজিক দুরত্ব বজায় রেখে শুরু করার অনুমতি প্রার্থনা করছি।<br>৩। সার্টিফিকেটআদালতে ১২টি মামলা চলমান রয়েছে। মামলাগুলির কার্যক্রম ধারাবাহিকভাবে শুরু করার জন্য উপজেলা নিবার্হী অফিসার মহোদয়কে অনুরোধ করছি। | বিধি মোতাবেক সকল কার্যক্রম সম্পন্ন পূর্বক দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস ঃ** ঘূর্নিঝড় আম্ফান পরবর্তী সময়ে উপকূলীয় এলাকায় সুপেয় পানির ব্যবস্থা করা হয়েছে যা এখনও চলমান আছে এছাড়া দাপ্তরিক অন্যান্য কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | |
| | | **উপজেলা মহিলা বিষয়ক অফিস ঃ** দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা সামাজিক বনবিভাগ অফিস ঃ** উপজেলা সামাজিক বন বিভাগ কর্মকর্তা বলেন যে, উপজেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান, রাস্তা এবং অন্যান্য স্থানে বৃক্ষরোপন করা হয়েছে। কিন্তু সঠিক পরিচর্যা এবং রক্ষনাবেক্ষনের অভাবে অনেক গাছ মারা যাচ্ছে। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে রোপিত চারার পরিচর্যা এবং তদারকি করার জন্য অনুরোধ করেন। | রোপিত চারার পরিচর্যা এবং রক্ষনাবেক্ষনের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **পানি উন্নয়ন বোর্ড :** সভায় পানি উন্নয়ন বোর্ডের উপস্থিত কর্মকর্তা বলেন যে, পানি উন্নয়ন বোর্ডের বেড়ী বাঁধ মেরামত অনেক স্থানে ঠিকাদারদের বিরুদ্ধে নিম্নমানের কাজ করার অভিযোগ পাওয়া গেছে। নিয়মিত কাজ পরিদর্শন করা হচ্ছে। মাটি ছাড়া বালি দিয়ে বাঁধ দেওয়ার কোন বিধান নেই। যে সকল স্থানে বাঁধ মেরামত হচ্ছে সেগুলিতে নিয়মিত তদারকি এবং গুনগতমান যাচাই করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার বলেন বাঁধ মেরামতের স্থানে বালির বস্তা কম দেওয়ার কোন সুযোগ নেই। প্রয়োজনে একটি মনিটরিং টিম গঠন করা হবে। | যে সকল স্থানে ভয়াবহ ফাটল দেখা দিয়েছে, সেগুলি চিহ্নিত করে দ্রুত ভিত্তিতে মেরামত করতে অনুরোধ করা হয় এবং কাজ তদারকি করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা নির্বাচন অফিস ঃ** উপজেলা নির্বাচন অফিসার বলেন যে, দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা পল্লী উন্নয়ন অফিস ঃ** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় তার দপ্তরের উন্নয়নমূলক কর্মকান্ড উপস্থাপন করেন- (নিচের সারণি দেখুন) | | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |

| সমিতি/দল সংখ্যা | সদস্য | | ঋণ বিতরণ (আইজিএ ভিত্তিক) (লক্ষ টাকা) | | আদায়ের হার | মেয়াদোর্ত্তণ খেলাপী (লক্ষ টাকা) | প্রশিক্ষণ | | অবকাঠামো স্কীম | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পুরুষ | মহিলা | লক্ষ্যমাত্রা | অর্জন | | | পুরষ | মহিলা | লক্ষ্যমাত্রা | অর্জন |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ২৩৬ | ৫৪৭৬ | ২১৬৯ | ১৫৬০.৪০ | ২৮১.৮৭ | ১৮% | ৩.৭৫ | ৪৪৬ | ২৭৬ | ১০ | - |

| | | | | |
|---|---|---|---|---|
| | | **উপজেলা সমবায় অফিস ঃ** উপজেলা সমবায় অফিসার বলেন যে, তার দপ্তরের সকল কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | |

## বিবিধ আলোচনা

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সকলকে পবিত্র ঈদুল আয্হার শুভেচ্ছা জ্ঞাপন করেন। তিনি বলেন যে, কোরবানীর বর্জ্য যেখানে সেখানে না ফেলে নির্ধারিত স্থানে বর্জ্য ফেলতে হবে। পশু কোরবানী পরবর্তী সময়ে পরিবেশ দূষিত না হয় সেদিকে সকলকে খেয়াল রাখতে হবে। এছাড়া সরকার ঘোষিত বিধি নিষেধ অনুসরন পূর্বক সকলকে ঈদের নামাজ পড়ার জন্য অনুরোধ করেন। বর্তমান মহামারি করেনা ভাইরাসের প্রাদুর্ভাব এবং শ্যামনগর উপজেলায় সম্প্রতি বয়ে যাওয়া ঘূর্নিঝড় আম্ফানে ক্ষতিগ্রস্থ এ উপজেলার মানুষ কঠিন সময় অতিবাহিত করছে মর্মে তিনি সভায় মতামত প্রদান করেন। তিনি বলেন বর্তমান সময়ে জেলেদের নদীতে মাছ না ধরার জন্য সরকার বিধি নিষেধ জারি করেছে। এমতাবস্থায় অনেক জেলেরা নদীতে মাছ ধরার জন্য অনুমতি প্রার্থনা করছে। উল্লেখ্য সরকার ইতোমধ্যে জেলেদের ত্রান ও প্রনোদনা দিয়েছেন।

০২। উপজেলা নির্বাহী অফিসার বলেন যে,

১. মুজিববর্ষে শ্যামনগর উপজেলাকে ভিক্ষুকমুক্ত এবং ভিক্ষুকদের পুনঃবাসন করতে মাননীয় জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয়ের নির্দশনা মোতাবেক সমাজসেবা দপ্তরসহ অন্যান্য সংশ্লিষ্ট দপ্তরকে একটি কর্ম পরিকল্পনা জমা প্রদানের জন্য সকলের দৃষ্টি আকর্ষন করেন।

২. শ্যামনগর উপজেলা পরিষদ সদরে বজ্য অপসারনের জন্য একটি চুল্লি নির্মানের প্রস্তাব করেন। বজ্য অপসারনের জন্য খাস সম্পত্তি খুজে বের করার জন্য সহকারী কমিশনার (ভূমি), শ্যামনগরকে অনুরোধ করেন।

৩. সামনে পবিত্র ঈদুল আযহা, মহামারি করোনা ভাইরাসের কারনে সমগ্র বিশ্ব এখন সংকটময় সময় মোকাবেলা করছে। সংকটময় এ সময়ে ঈদ উপলক্ষে কোন আতশবাজি বা বিনা প্রয়োজনে সাউন্ড বক্স ব্যবহার করতে সকলকে নিরুসাহিত করতে মতামত প্রদান করেন। এছাড়া কোরবানীর বজ্য অপসারনে নিদিষ্ট স্থানে পশু জবাই করার জন্য সকলকে অনুরোধ করেন।

০৩। সহকারী কমিশনার (ভূমি), শ্যামনগর সভায় বলেন যে, সম্প্রতি ঘুর্ণিঝড় আম্ফানে নূরনগর, পদ্মপুকুর এবং বুড়িগোয়ালিনী ইউনিয়ন ভূমি অফিস ক্ষতিগ্রস্থ হয়ে গেছে। উপজেলা পরিষদের অর্থায়নে মেরামতের জন্য তিনি উপজেলা চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষন করেন।

**<u>সিদ্ধান্ত</u>** : স্থানীয় সরকার বিভাগের পূর্বানুমিত গ্রহন করে এবিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহন করা যেতে পারে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

০৪। ভাইস চেয়ারম্যান (পুরুষ), উপজেলা পরিষদ সভায় বলেন যে, বর্তমান সময়ে জেলেদের নদীতে মাছ ধরতে না দেওয়ার কারনে জেলেরা মানবেতর জীবন যাপন করছে। শর্তসাপেক্ষে জেলেদের মাছ ধরার অনুমতি প্রদানের জন্য যথার্থ কর্তৃপক্ষের দৃষ্টি আর্কষন করেন। এছাড়া ১৩২নং সরকারী প্রাথমিক বিদ্যালয়ে কাজের গুনগতমান ঠিক নেই মর্মে অভিযোগ পাওয়া গেছে, এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আর্কষন করেন।

০৫। চেয়ারম্যান, বুড়িগোয়ালিনী ইউপি সভায় বলেন যে, ঘূর্নিঝড় আম্ফানে শ্যামনগর উপজেলায় সুপেয় পানির পুকুরগুলি সম্পন্ন ক্ষতিগ্রস্থ হয়েছে। সেগুলি সেচ এবং সংস্কারের জন্য মতামত প্রদান করেন। এছাড়া পানি উন্নয়ন বোর্ডের বেড়ী বাঁধ পুনঃ নির্মানে ঠিকাদার কাজের গুনগম মান ঠিক রাখছে না। নজরদারী করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ করেন।

০৬। চেয়ারম্যান, পদ্মপুকুর ইউপি সভায় বলেন যে, পানি উন্নয়ন বোর্ডের বাঁধ মেরামতে সেকল টেন্ডার হয়েছে, সেগুলির কাজের গতি খুব কম। দ্রুত ভিত্তিতে কাজ শুরুর করার জন্য সংশ্লিষ্ট দপ্তরকে অনুরোধ করেন।

০৭। চেয়ারম্যান, কৈখালী সভায় বলেন যে, পানি উন্নয়ন বোর্ডের কাজ ঠিকমত হচ্ছেনা। লেবুখালী খাল জলমহল ইজারামুক্ত করার জন্য উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষন করেন।

০৮। চেয়ারম্যান, নূরনগর ইউপি সভায় বলেন যে, হাট বাজারের টাকা বিধি মোতাবেক স্ব-স্ব ইউনিয়নে প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষন করেন।

**<u>সিদ্ধান্ত</u>** ঃ বর্নিত আলোচনার আলোকে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সংশ্লিষ্ট বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়।

০৯। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সরকারী উন্নয়নমূলক কাজ পরিদর্শন, সরকারী বেসরকারী বিভিন্ন সভা সমাবেশে অংশগ্রহন এবং মতবিনিময় সভায় অংশগ্রহন করে থাকেন এবং এজন্য সরকারী নিয়ম মোতাবেক দৈনিকভাতা প্রাপ্ত হয়ে থাকেন। উপজেলা চেয়ারম্যান ২০২০খ্রিঃ'র জুলাই মাস ১৪ দিন এবং উপজেলা ভাইস চেয়ারম্যান ১১দিন এবং মহিলা ভাইস ১১ দিনের ভ্রমন বৃত্তান্ত এবং ২০২০খ্রিঃ'র আগষ্ট মাসের সম্ভাব্য ভ্রমনসূচী দাখিল করেছেন যা উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদন প্রয়োজন। তিনি এ বিষয়ে উপস্থিত সবার মতামত আহবান করেন।

**<u>সিদ্ধান্ত</u>** ঃ এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ২০২০খ্রিঃ'র জুলাই মাসের উপজেলা পরিষদের চেয়ারম্যান, উপজেলা ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যানের ভ্রমন বৃত্তান্ত অনুমোদন গৃহিত হলো। উপজেলা চেয়ারম্যান ১৪ দিনের ৬২৫/- টাকা হারে ৮৭৫০/- টাকা , ভাইস চেয়ারম্যানদ্বয়ের ২২ দিনের ৫০০ টাকা হারে ১১০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মিটানোর জন্য সর্ব্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়।

অতঃপর সভাপতি উপস্থিত সকলকে পবিত্র ঈদুল আযহার অগ্রিম শুভেচ্ছা জানিয়ে সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(এস.এম.আতাউল হক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্যামনগর, সাতক্ষীরা
ফোন -০৪৭২৬-৪৪২০০
upazilaporishad.shyam@gmail.com

স্মারক নং- ০৫.১৫.৮৭৮৬.০০৬.০২.০০৯.১৬- (৫০) তারিখ ঃ ০৩.০৮.২০২০ খ্রিঃ।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ**

০১। জনাব এস.এম জগলুল হায়দার, মাননীয় সংসদ সদস্য, সাতক্ষীরা-০৪।

০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, খুলনা।

০৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ**

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।

০৬। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।

০৭। উপজেলা ......................................................অফিসার,শ্যামনগর।

০৮। চেয়ারম্যান,............................................ইউ,পি(সকল),শ্যামনগর।

০৯। জনাব ...........................................................................................

১০। অফিস কপি।

(আ. ন. ম. আবুজর গিফারী)
উপজেলা নির্বাহী অফিসার
শ্যামনগর, সাতক্ষীরা
ফোন -০৪৭২৬-৪৪০০৪
unoshyamnagar14@gmail.com